

**অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন**  
**শিল্প মন্ত্রণালয়**

মাসের নাম: ফেব্রুয়ারি/২০২১

মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বের জের	মোট অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫-৬)	মন্তব্য (% সহ)
	পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে							
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
শিল্প মন্ত্রণালয়	-	-	-	১৩	১৩		-	১৩	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)	০১	-	০১	০৩	০৪	০৩	পরিশিষ্ট-ক	০১	ঐ
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)	০২	-	০২	০৭	০৯	০১	পরিশিষ্ট-ক	০৮	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)	০২	-	০২	০৯	১১	-	-	১১	ঐ
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)	০১	০১	০২	০৩	০৫	০২	পরিশিষ্ট-ক	০৩	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)	-	-	-	০১	০১	-	-	০১	ঐ
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)	-	-	-	-	-	-	-	-	-
ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)	-	-	-	-	-	-	-	-	-
পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডি)	-	-	-	-	-	-	-	-	-
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	-	-	-	-	-	-	-	-	-
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)	-	-	-	-	-	-	-	-	-
<b>মোট</b>	<b>০৬</b>	<b>০১</b>	<b>০৭</b>	<b>৩৬</b>	<b>৪৩</b>	<b>০৬</b>	<b>-</b>	<b>৩৭</b>	

১। বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):

(ক) ইষ্টার্ন কেবলস লি: এর বিরোধী দলের নন-সিবিএ (রেজি নং-৯৭) সেক্রেটারী ইদ্রিসের (কালী ইদ্রিস) নানান ধরনের অনিয়মের মাধ্যমে কারখানায় ত্রাসের রাজত্ব করা বিষয়ে প্রাপ্ত অভিযোগটি তদন্তপূর্বক প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি।

২। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):

(ক) শাহাজালাল ফার্টিলাইজার প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক দাখিলকৃত অভিযোগ মতে, উক্ত প্রকল্প হতে ইতোমধ্যে বরখাস্তকৃত হিসাব বিভাগীয় প্রধান জনাব খন্দকার মোহাম্মদ ইকবাল কর্তৃক প্রকল্প পরিচালকের স্বাক্ষর জাল করে জনতা ব্যাংক, ঢাকা কার্যালয় হতে আনুমানিক ১২,৫৪,৪৪,৫৯১/- (বারো কোটি চুয়ান্ন লক্ষ চৌচল্লিশ হাজার পাঁচশত একানব্বই) টাকা আত্মসাতের অভিযোগটির বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করা হয়। সম্প্রতি প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে বিধায় অভিযোগটি জিআরএস হতে নিষ্পত্তি মর্মে গণ্য করা যেতে পারে।

(খ) শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত অভিযোগপত্রে বর্ণিত পটুয়াখালী জেলার গলাচীপা উপজেলার সাব ডিলারদের বিরুদ্ধে অনিয়মের অভিযোগে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন মতে, বিসিআইসি'র তদন্তকারী কর্মকর্তা পটুয়াখালী জেলার গলাচীপায় পৌঁচানোর পূর্বেই উপজেলা সার বীজ ও মনিটরিং কমিটি'র সভাপতি ও সদস্য-সচিব দ্বারা মিমাংসিত হয়েছে।

(গ) শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত অভিযোগপত্রে বর্ণিত কেপিএম এর সাবেক এমডি জনাব ড. এম এম এ কাদেরের বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি।

৩। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):

(ক) সাবু শপ নামক অনলাইন শপের বিরুদ্ধে অনলাইন অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে অনলাইনে নজরদারির মাধ্যমে প্রতিষ্ঠানটির শো-রুমে অভিযান পরিচালনা করা হয়। অভিযানে প্রতিষ্ঠানটিতে বিএসটিআই'র ছাড়পত্র ব্যতীত আমদানিকৃত কসমেটিকস পণ্য পাওয়া যায়। আমদানিকৃত পণ্যের অনুকূলে ছাড়পত্র গ্রহণ ব্যতীত পণ্য বিক্রি-বিতরণের দায়ে ৫০,০০০.০০ জরিমানা করা হয় এবং ২ লক্ষাধিক টাকার মালামাল জব্দ করা হয়।

(খ) জনাব মোঃ ইমতিয়াজ হোসেন, তেঘরিয়া আবাসিক এলাকা, সদর, হবিগঞ্জ নামক ব্যক্তি ফুলকলি ফুড প্রোডাক্টস লিঃ, বিসিক শি/ন, খাদিমনগর, সিলেট নামীয় প্রতিষ্ঠানের উৎপাদিত স্পঞ্জ কেক খেয়ে গুরুতর অসুস্থ হয়ে পরলে পণ্যটির গুণগতমান নিয়ে অভিযোগ করেন। উক্ত অভিযোগের ভিত্তিতে ফুলকলি ফুড প্রোডাক্টস লিঃ এর স্পঞ্জ কেক পণ্য সংগ্রহপূর্বক বিএসটিআই ল্যাবে পরীক্ষা করা হয়। পরীক্ষান্তে পণ্যটি সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস) এর সমপর্যায়ের না হওয়ায় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়।